# কোগরা জুবিলী ওভাল স্টেডিয়াম এ HOPE আয়োজিত ঈদ জামাত অনুষ্ঠিত।

HOPE (Host of the Peace Environment) Inc. আয়োজিত পবিত্র ঈদ উল-আজহা'র নামাজ যথাযোগ্য মর্যাদার সাথে পালিত হয়েছে। গত ১২ই আগস্ট সোমবার কোগরা জুবিলী ওভাল স্টেডিয়াম এ অনুষ্ঠিত এই নামাজের বিশেষ আকর্ষণ ছিল পরিবার পরিজন নিয়ে একসাথে নামাজ আদায় করা।

রকডেল-কোগরা এলাকাতে এই প্রথম মহিলাদের জন্য ঈদ এর নামাজের আয়োজন ছিল অত্যান্ত প্রশংসনীয় একটি উদ্যোগ। এলাকাবাসী এই ধরনের আয়োজনের জন্য HOPE এর নেতৃবৃন্দ দের অভিনন্দন জানিয়েছে। অন্যান্ন সুযোগ-সুবিধার মধ্যে ছিল, প্রায় ৪০০ টি গাড়ী পার্ক করার জন্য নিজস্ব ফ্রি রিজার্ভ ব্যবস্থা। পুরো স্টেডিয়ামটি সি সি টিভি ক্যামেরার আওতায় ছিল। ২০ জনের একটি সিকিউরিটি টিম কাজ করেছে পুরো সময়টি জুড়ে। অসংখ্য ওয়াশ রুম থাকার কারণে অজু করার ব্যবস্থা ছিল। যদি বৃষ্টি এসে যায় এজন্য তৈরি ছিল বিশাল বড় হল রুম, একসাথে প্রায় ৪০০ জন নামাজ পড়ার ব্যবস্থা সেই হল রুমে। ছিল হুইল চেয়ার পথের ব্যবস্থা।

ডঃ মোহাম্মদ শোকরানি'র ইমামতিতে সকাল ৮ টায় শুরু হয় এই নামাজ। নামাজ শেষে আয়োজক বৃন্দ মিষ্টি মুখের আয়োজন করেন। এই বিশাল ভেনু টি ব্যবহারের অনুমতি দেয়ার জন্য Georges River City Council কে এবং উপস্থিত থাকার জন্য সকল মুসুল্লিদের কৃতজ্ঞতা জানিয়ে আয়োজকরা দিনের কার্যক্রম শেষ করেন।

আয়োজকরা হলেন HOPE Inc. এর সভাপতি জনাব শহীদ উজ্জামান আলো, সহ-সভাপতি জনাব আব্দুর রহমান খান, সাধারণ সম্পাদক জনাব আবুল শামসুজ্জামান কামাল, সহ-সম্পাদক জনাব শামসুজ্জহা স্বপন, ট্রেজারার জনাব ইশফাকুল কবির রতন ও কার্যকরী সদস্য জনাব বশীর আহমেদ বাদল।